**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## নিউ ইয়র্কে বসবাসকারী বাস্তুচ্যুত ইউক্রেনীয়দের জন্য সহায়তা সেবা প্রদানের জন্য গভর্নর হোকোলের 21.4 মিলিয়ন ডলার ঘোষণা

***রাশিয়ান আগ্রাসনের কারণে তাদের মাতৃভূমি থেকে বাস্তুচ্যুত ইউক্রেনীয়দের সহায়তা করতে 17 শরণার্থী পরিষেবা প্রদানকারীকে সমর্থন করার জন্য ফেডারেল তহবিল***

***'ইউনাইটিং ফর ইউক্রেন' কর্মসূচি প্রায় 14,000 ইউক্রেনীয়কে নিউ ইয়র্ক স্টেটে নিয়ে এসেছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ইউক্রেনীয়দের সাহায্য করার জন্য 21.4 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ বরাদ্দ করা হয়েছে যারা রাশিয়ার সামরিক আগ্রাসনের ফলে তাদের দেশ ছেড়ে পালিয়েছে এবং নিউ ইয়র্ক স্টেটে অস্থায়ীভাবে পুনর্বাসিত হয়েছে। নিউ ইয়র্কে বসবাসরত বাস্তুচ্যুত ইউক্রেনীয়দের সহায়তা করার জন্য স্টেট জুড়ে 17টি শরণার্থী পরিষেবা প্রদানকারী এই তহবিল ব্যবহার করবে।

"রাশিয়ার চলমান ও অন্যায় সহিংস হামলায় যারা তাদের মাতৃভূমি ছেড়ে পালাতে বাধ্য হয়েছে তাদেরকে স্বাগত জানাতে পেরে আমরা গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম ইউক্রেনীয় জনসংখ্যার আবাসস্থল হিসেবে, নিউ ইয়র্ক ইউক্রেনের জনগণের প্রতি আমাদের সমর্থনে অবিচল থাকবে। এই ফেডারেল তহবিল শরণার্থী পরিষেবা প্রদানকারীদেরকে ইউক্রেনীয় পরিবারগুলোকে সঠিকভাবে সহায়তা করতে সক্ষম করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ তারা এখানে নিউ ইয়র্ক স্টেটে একটি নতুন জীবনের সাথে মানিয়ে নিচ্ছে।"

রাশিয়ানরা তাদের আক্রমণ শুরু করার পর থেকে আনুমানিক 75,000 ব্যক্তি ইউক্রেন থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছে, যার মধ্যে নিউ ইয়র্কে প্রায় 14,000 ব্যক্তি ফেডারেল সরকারের ইউনাইটিং ফর ইউক্রেন কর্মসূচির (Uniting for Ukraine program) মাধ্যমে এসেছে। এই কর্মসূচি বাস্তুচ্যুত ইউক্রেনীয় এবং তাদের পরিবারের সদস্যদের দুই বছর পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রে থাকার একটি পথ প্রদান করেছে। অংশগ্রহণকারীদের অবশ্যই যুক্তরাষ্ট্রে একজন সমর্থক থাকতে হবে যিনি তাদের থাকার সময়কালের জন্য তাদেরকে আর্থিক সহায়তা প্রদান করবেন।

এই নতুন তহবিল, যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগের (Department of Health and Human Services) শরণার্থী পুনর্বাসনের অফিস থেকে, ইউনাইটিং ফর ইউক্রেনের মাধ্যমে

সহায়তা সেবা প্রদানের জন্য বিদ্যমান প্রচেষ্টার পরিপূরক হিসেবে ব্যবহার করা হবে। যে সহায়তা পরিষেবা প্রদান করা হবে তার মধ্যে রয়েছে কর্মসংস্থান সহায়তা, কেস ম্যানেজমেন্ট, দক্ষতা প্রশিক্ষণ, দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি, এবং, প্রয়োজন অনুসারে, অন্যান্যগুলোর মধ্যে আবাসন ও খাদ্য সহায়তা।

**নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন,** "সারা বিশ্বে যারা নিপীড়ন থেকে পালিয়ে আসছে এবং যুদ্ধের কারণে বাস্তুচ্যুত হয়েছে তাদের জন্য নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরে আশার আলো হয়ে আছে। যারা ইউক্রেন থেকে এসেছেন তাদের নিরাপত্তা ও স্থিতিশীলতার ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকা নিশ্চিত করতে এই তহবিল সহায়তা করবে। উদ্বাস্তু ও অভিবাসীদের নতুন বাসস্থানে খাপ খাইয়ে নিতে এবং কমিউনিটির অংশ হিসেবে উন্নতি করতে সাহায্য করার জন্য তহবিল গ্রহণকারী সংস্থাগুলোর বেশ কয়েক বছরের অভিজ্ঞতা রয়েছে এবং আমরা তাদের প্রচেষ্টার জন্য কৃতজ্ঞ।"

**সিনেটর চাক শুমার বলেন,** "আমরা ইউক্রেনের জনগণের পাশে আছি, তা সে বিনা প্ররোচনায় রাশিয়ার ভয়াবহ আগ্রাসনের বিরুদ্ধে লড়াই করার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা হোক অথবা নিউ ইয়র্কে তাদের জীবন গড়ে তুলতে সাহায্য করাতেই হোক। ফেডারেল সহায়তার এই 21 মিলিয়ন ডলার নিউ ইয়র্কে ইউক্রেনীয় যুদ্ধের শরণার্থীদের বাফেলো ও রচেস্টার থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত কমিউনিটি গ্রুপগুলোর কাছ থেকে প্রয়োজনীয় সমর্থন পেতে সাহায্য করবে। ইউক্রেনের জনগণ অসীম সাহসিকতার সঙ্গে লড়াই করেছে এবং নিউ ইয়র্ক ও আমেরিকা সব সময় তাদের পাশে থাকবে।"

**রিপ্রেজেন্টেটিভ জেরোল্ড ন্যাডলার বলেন,** "আমি রোমাঞ্চিত যে গভর্নর হোকল নিউ ইয়র্কে বাস্তুচ্যুত ইউক্রেনীয় পরিবারগুলোকে সহায়তা করার জন্য ফেডারেল সরকারের সাথে একযোগে কাজ করছেন। এই তহবিল এই পরিবারগুলোকে কর্মসংস্থানের সুযোগ অ্যাক্সেস করতে সাহায্য করার দিকে অনেক দূর এগিয়ে যাবে এবং তাদের টেবিলে খাবার এবং তাদের মাথার উপর একটি ছাদ পেতে সাহায্য করবে। যেহেতু রাশিয়া ইউক্রেনে ঘৃণ্য নৃশংসতা চালিয়ে যাচ্ছে, তাই ক্ষতিগ্রস্তদের সবচেয়ে বেশি সাহায্য করার জন্য আমাদের অবশ্যই যথাসাধ্য চেষ্টা চালিয়ে যেতে হবে।"

এ বছরের শুরুর দিকে, রাশিয়ায় ব্যবসা চালিয়ে যাওয়া সংস্থাগুলির সাথে চুক্তি করতে রাষ্ট্রীয় সংস্থা এবং কর্তৃপক্ষকে নিষিদ্ধ করার জন্য গভর্নর একটি নির্বাহী আদেশ ঘোষণা করেছেন। মার্চের শুরুতে, গভর্নর ক্যাথি হোকল রাশিয়ার বিরুদ্ধে আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services) গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা জোরদার করার জন্য উদ্যোগ গ্রহণের ঘোষণা দিয়েছিলেন যার মধ্যে আরো বেশি ব্লকচেইন অ্যানালিটিক্স প্রযুক্তি সংগ্রহ ত্বরান্বিত করা অন্তর্ভুক্ত ছিল। ফেব্রুয়ারিতে, গভর্নর হোকল সকল স্টেট সংস্থা এবং কর্তৃপক্ষকে রাশিয়া থেকে সরকারি ফান্ড অপসারণ করার এবং রাশিয়ান কোম্পানিগুলির সাথে ব্যবসা বন্ধ করার নির্দেশ দিয়েছিলেন।

গভর্নর ইউক্রেনিয়ানদের জন্য রিসোর্স এবং নিউ ইয়র্কবাসীরা কিভাবে সাহায্য করতে পারে সে সম্পর্কে একটি ওয়েবসাইটও চালু করেছেন। নিম্নলিখিত উদ্বাস্তু পরিষেবা প্রদানকারীদের বরাদ্দ প্রদান করা হয়েছে:

| **সংস্থা** | **অবস্থান** | **পরিমাণ** |
|---|---|---|
| ইউ.এস. কমিটি ফর রিফিউজি অ্যান্ড ইমিগ্র্যান্টস | Albany | $382,143 |
| ক্যাথলিক চ্যারিটিজ অফ লং আইল্যান্ড | Amityville | $1,775,841 |
| ক্যাথলিক চ্যারিটিজ অফ বাফেলো | Buffalo | $300,000 |
| ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলো | Buffalo | $300,000 |
| জার্নি'স এন্ড রিফিউজি সার্ভিসেস | Buffalo | $300,000 |
| জিউইশ ফ্যামিলি সার্ভিসেস অফ WNY | Buffalo | $300,000 |
| ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি | New York City | $3,377,068 |
| ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস | New York & Hudson Valley | $4,904,034 |
| কমনপয়েন্ট কুইন্স | Queens | $3,377,068 |
| CAMBA | Brooklyn | $3,377,068 |
| ক্যাথলিক চ্যারিটিজ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি সার্ভিসেস | Rochester | $776,328 |
| ওয়ার্ল্ড রিলিফ | Rochester | $776,328 |
| ইন্টারফেইথ ওয়ার্কস অফ সেন্ট্রাল নিউ ইয়র্ক | Syracuse | $300,000 |
| ক্যাথলিক চ্যারিটিজ অফ ওনোনডাগা কাউন্টি | Syracuse | $300,000 |
| রিফিউজি অ্যান্ড ইমিগ্র্যান্ট সেলফ-এমপাওয়ারমেন্ট | Syracuse | $300,000 |
| দ্যা সেন্টার | Utica | $300,000 |
| আমেরিকান সিভিক অ্যাসোসিয়েশন | Binghamton | $300,000 |

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418